

**বাটগাঘাটায় মূল বইয়ের
আগেই প্রাথমিক শিক্ষকদের
দেয়া হলো গাইড বই!**

শিওদের কেনার পরামর্শ, সর্বত্র ফোড

■ বাটগাঘাটা (খুলনা) সংবাদদাতা
বছরের শুরুতে মূল পাঠ্য পুস্তক
শিক্ষার্থীদের হাতে না পৌঁছাতেই
ঢাকার একটি দাইট্রির গাইড বই
শিক্ষকদের হাতে আনুষ্ঠানিকভাবে
তুলে দেয়া হয়েছে। এই গাইড বই
শিওদেরও কেনার পরামর্শ দেয়া
হয়েছে। এর ফলে অভিভাবক মহলে
ব্যাপক ফোডের সৃষ্টি হয়েছে।
উপজেলায় মডেল সরকারি প্রাথমিক
বিদ্যালয়ে ৬ বসে রবিবার ১১৫টি
প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ
গাইড বই গ্রহণ করেন। প্রাথমিক ক্রম
শিক্ষক সমিতির অফিসে সভা ভেঙে
সভাপতি ও সম্পাদকের উপস্থিতিতেই
গাইড বই তুলে দেয়া হয়। ঢাকার
বাংলাবাজার থেকে 'পুঁথিনিদয়'
প্রকাশিত গাইড বইয়ের নাম দেয়া
হয়েছে সামসাদ (SAMSAD) একের
ভিতর সব। দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ
শ্রেণির গাইড বই বিতরণের সাথে প্রতি
শিক্ষককে ১০০ টাকা ব্যয়গত জাভা
হিসেবেও দেয়া হয়েছে। শিক্ষকদের
কমা হয়েছে তারা কেনে যাচ্ছেন এই
গাইড বই ক্রয় করতে আসেন।

বিষয়টি নিয়ে উপজেলা প্রাথমিক
ক্রম শিক্ষা কর্মকর্তা আবদুল আসমের
সাথে আলাপ করলে তিনি বলেন,
বিষয়টি সম্পর্কে তিনি কোন কিছুই
জানেন না। তবে এভাবে গাইড তুলে
দেয়ার বিষয়টি তিনি দেখেন।
প্রাথমিক ক্রম শিক্ষক সমিতির
সভাপতি মোতিনু নাথ জানান, এভাবে
গাইড দেয়া হবে আগে থেকে তারা
জানতেন না। সমিতির উন্নয়নের জন্য
সভা জাকা হলে সকল ফুলের প্রধান
শিক্ষকগণ হাজার হয়।

এ সুযোগে খুলনার জনৈক
এনামুল হক তাদের হাতে গাইড বই
তুলে দেন। তবে তারা গাইড নিতে
কোন আপত্তি করেননি বলে স্বীকার
করেন। অভিভাবক বিবেক বিশ্বাস
বলেন, এভাবে ছাত্র-ছাত্রীদের হাতে
মূল পাঠ্যবই দেয়ার আগে গাইড তুলে
দেয়া চরম অনৈতিক কাজ। এর দ্বন্দ্ব
জানানোর ভাষা জানা নেই। বিষয়টি
দেখার জন্য যথাস্থ কর্তৃপক্ষের দৃষ্টি
আকর্ষণ করা হয়েছে।